# BCS প্রিলি. লেকচার শিট বাংলাদেশ বিষয়াবলি

লেকচার ০৬

## Lecture Contents

- সংবিধান-১

## সংবিধান প্রণয়নের ইতিহাস

১৯৭২ সালের ১১ জানুয়ারি রাষ্ট্রপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের সংবিধান প্রণয়নের উদ্দেশ্যে অস্থায়ী সংবিধান আদেশ জারি করেন। ১৯৭০ সালের ৭ ডিসেম্বর এবং ১৯৭০ সালের ১৭ ডিসেম্বর নির্বাচিত জাতীয় ও প্রাদেশিক পরিষদের সদস্যগণ গণপরিষদের সদস্য বলে পরিগণিত হন। গণ-পরিষদের সদস্য ছিলেন ৪০৩ জন। গণ-পরিষদের প্রথম অধিবেশন বসে ১০ এপ্রিল, ১৯৭২ সালে। গণ-পরিষদের প্রথম স্পিকার ছিলেন শাহ আবদুল হামিদ এবং প্রথম ডেপুটি স্পিকার ছিলেন মোহাম্মদ উল্লাহ।

### গণপরিষদ আদেশ জারি

১৯৭২ সালের ২৩ মার্চ রাষ্ট্রপতি গণপরিষদ আদেশ জারি করেন এবং এটাই ছিল বাংলাদেশ সংবিধান প্রণয়নের প্রথম পদক্ষেপ। এ আদেশ সমগ্র বাংলাদেশে প্রযোজ্য ও ১৯৭২ সালের ২৬ মার্চ থেকে কার্যকর বলে গণ্য করা হয়। এ আদেশ অনুযায়ী বাংলাদেশ এলাকা থেকে ১৯৭০ সালের ডিসেম্বর মাসে এবং ১৯৭১ সালের জানুয়ারি ও মার্চ মাসে নির্বাচিত জাতীয় পরিষদ সদস্য ও প্রাদেশিক পরিষদ সদস্যগণকে নিয়ে গণপরিষদ গঠন করা হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের জন্য একটি পূর্ণাঙ্গ সংবিধান প্রণয়নের দায়িত্ব এ গণপরিষদের ওপর দেয়া হয়।

### সংবিধান প্রণয়ন কমিটি

গণপরিষদের প্রথম অধিবেশন বসে ১৯৭২ সালের ১০ এপ্রিল। এই অধিবেশনে গণপরিষদের ৩৪ জন সদস্য নিয়ে বাংলাদেশের খসড়া সংবিধান রচনা কমিটি গঠিত হয়। এই কমিটির দায়িত্ব ছিল সংবিধানের খসড়া প্রণয়ন করা। এই কমিটির সভাপতি ছিলেন তৎকালীন আইন ও সংসদ বিষয়ক মন্ত্রী ড. কামাল হোসেন। এজন্য ড. কামাল হোসেনকে বাংলাদেশের সংবিধানের জনক বা রূপকার বা স্থপতি বলা হয়। সংবিধান রচনা কমিটির একমাত্র মহিলা সদস্য বেগম রাজিয়া বানু এবং একমাত্র বিরোধী দলীয় সদস্য ছিলেন সুরঞ্জিত সেন গুপ্ত। কমিটি ৭১টি অধিবেশনে মিলিত হয়ে স্বীয় দায়িত্ব পালন করে। সংবিধান রচনা কমিটি ভারত ও যুক্তরাজ্যের সংবিধানের আলোকে বাংলাদেশের সংবিধান রচনা করেন।

### খসড়া সংবিধান

বাংলাদেশের প্রথম হস্তলিখিত সংবিধান ছিল ৯৩ পৃষ্ঠার। হস্তলিখিত সংবিধানটির মূল লেখক ছিলেন ড. এ কে এম আব্দুর রউফ। হস্তলিখিত সংবিধানটির অঙ্গসজ্জা করেন শিল্পাচার্য জয়নুল আবেদীন। বাংলাদেশে সংবিধানের খসড়া সর্ব প্রথম গণপরিষদে উত্থাপিত হয় ১২ই অক্টোবর, ১৯৭২ সালে। সংবিধানের খসড়া গণপরিষদে উত্থাপন করেন ড. কামাল হোসেন। ৪ নভেম্বর, ১৯৭২ সালে বাংলাদেশের সংবিধানের খসড়া গণপরিষদে গৃহীত হয়। এজন্য ৪ নভেম্বর 'সংবিধান দিবস' হিসেবে পালিত হয়। গণপরিষদের সদস্যরা হস্তলিখিত মূল সংবিধানের বাংলা ও ইংরেজি লিপিতে স্বাক্ষর করেন ১৪ ডিসেম্বর, ১৯৭২ সালে। গণপরিষদের ৩০৯ জন সদস্য হস্তলিখিত মূল সংবিধানে স্বাক্ষর করেন। সংবিধান রচনা কমিটির বিরোধী দলীয় সদস্য সুরঞ্জিত সেন গুপ্ত হস্তলিখিত মূল সংবিধানে স্বাক্ষর করেননি। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান কার্যকর বা প্রবর্তিত হয় ১৬ ডিসেম্বর, ১৯৭২ সালে। বাংলাদেশের সংবিধান গৃহীত হওয়ার সময় রাষ্ট্রপতি ছিলেন আবু সাঈদ চৌধুরী এবং প্রধানমন্ত্রী ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

## সংবিধান (Constitution)

সংবিধান হলো রাষ্ট্রের শাসনব্যবস্থা পরিচালনার মৌলিক দলিল। এটি রাষ্ট্রের সর্বোচ্চ আইন। সংবিধান হচ্ছে এমন কিছু লিখিত বা অলিখিত নিয়ম-কানুনের সমষ্টি যা রাষ্ট্রের প্রকৃতি, সরকারের ধরন নির্দেশ করে, সরকারের বিভিন্ন বিভাগের মধ্যে ক্ষমতা নির্ধারণ করে এবং সরকার ও জনগণের মাঝে সম্পর্ক নির্দেশ করে।

অ্যারিস্টটলের মতে, রাষ্ট্র কর্তৃক পছন্দকৃত জীবন প্রণালীই সংবিধান (The way of life the state has chosen for itself) অর্থাৎ রাষ্ট্র কীভাবে পরিচালিত হবে তার সন্নিবেশিত বিধানই সংবিধান।

### সংবিধানের প্রকারভেদ বা শ্রেণিবিভাগ

১. **লিখিত সংবিধান:** যে দেশের শাসনব্যবস্থা সম্পর্কিত মৌলিক নীতিগুলির অধিকাংশ বা সবগুলো এক বা একাধিক দলিলে লিপিবদ্ধ থাকে, তাকে লিখিত সংবিধান বলা হয়। বাংলাদেশ, ভারত, কানাডা, পাকিস্তান, জাপান, মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধান লিখিত সংবিধান।

২. **অলিখিত সংবিধান:** যে দেশের শাসন সংক্রান্ত মৌলিক নীতিগুলি প্রথা, আচার-ব্যবহার, রীতিনীতি ও বিচারালয়ের সিদ্ধান্ত প্রভৃতির উপর ভিত্তি করে গড়ে উঠে সে দেশের শাসনতন্ত্রকে অলিখিত সংবিধান বলা হয়। যেমন: যুক্তরাজ্যের সংবিধান একটি অলিখিত সংবিধান।

৩. **সুপরিবর্তনীয় সংবিধান:** রাষ্ট্রের সাধারণ আইন প্রণয়নের পদ্ধতিতে যে সংবিধানের কোনো অংশ সহজে পরিবর্তন, পরিবর্ধন বা সংশোধন করা যায় তাকে সুপরিবর্তনীয় সংবিধান বলা হয়। ব্রিটিশ সংবিধান সুপরিবর্তনীয় সংবিধানের প্রধান উদাহরণ।

৪. **দুষ্পরিবর্তনীয় সংবিধান:** যে সংবিধানের কোনো অংশ সাধারণ আইন প্রণয়নের পদ্ধতিতে সংশোধন কিংবা পরিবর্তন করা যায় না, তার জন্য বিশেষ জটিল একটি পদ্ধতি প্রয়োজন হয় তাকে দুষ্পরিবর্তনীয় সংবিধান বলে। এ ধরণের সংবিধান পরিবর্তন করতে হলে পার্লামেন্টের মোট সদস্য সংখ্যার দুই-তৃতীয়াংশ কিংবা তিন-চতুর্থাংশ সমর্থন দরকার। যেমন- মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধান ও বাংলাদেশের সংবিধান।

## বাংলাদেশের সংবিধানের বৈশিষ্ট্যসমূহ

১. **লিখিত সংবিধান:** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান একটি লিখিত সংবিধান। কারণ ইহা একটি বিশেষ দিনে (১৯৭২ সালের ৪ নভেম্বর) গণপরিষদ কর্তৃক পাশ করা হয়েছে। এতে ১টি প্রস্তাবনা; ১১টি ভাগ; ১৫৩টি অনুচ্ছেদ ও ৭টি তফসিল রয়েছে।

২. **দুষ্পরিবর্তনীয় সংবিধান:** বাংলাদেশের সংবিধান দুষ্পরিবর্তনীয়। ১৪২ নং অনুচ্ছেদ অনুযায়ী সংসদের মোট সদস্যের দুই-তৃতীয়াংশের ভোটেই কেবল সংবিধানের কোন বিধান পরিবর্তন করা যাবে।

৩. **প্রস্তাবনা:** বাংলাদেশের সংবিধান একটি প্রস্তাবনা দিয়ে শুরু হয়েছে। এটিকে সংবিধানের Guiding Star বলা হয়।

৪. **সংবিধানের প্রাধান্য:** বাংলাদেশের সংবিধানে সংবিধানের প্রাধান্য প্রতিষ্ঠিত হয়েছে। কারণ ৭ (২) নং অনুচ্ছেদে বলা হয়েছে যে, এই সংবিধান প্রজাতন্ত্রের সর্বোচ্চ আইন এবং অন্য কোন আইন যদি এ সংবিধানের সাথে অসামঞ্জস্য হয় তাহলে যতখানি অসামঞ্জস্যপূর্ণ হবে ততখানি বাতিল বলে গণ্য হবে।

৫. **এককেন্দ্রিক শাসন ব্যবস্থা:** বাংলাদেশ একটি এক কেন্দ্রিক গণপ্রজাতান্ত্রিক রাষ্ট্র হবে, তবে স্থানীয় সরকার কেন্দ্রীয় সরকারের এজেন্ট হিসেবে কাজ করে।

৬. **এক কক্ষ বিশিষ্ট আইন পরিষদ:** ৬৫ নং অনুচ্ছেদ অনুযায়ী বাংলাদেশে একটি এক কক্ষবিশিষ্ট আইন পরিষদের ব্যবস্থা করা হয়েছে। আইনসভার নাম 'জাতীয় সংসদ'।

৭. **রাষ্ট্র পরিচালনার মূলনীতি:** বাংলাদেশের সংবিধানের ৮নং অনুচ্ছেদে ৪টি প্রধান রাষ্ট্রপরিচালনার মূলনীতির কথা বলা হয়েছে। এগুলো হলো:
ক. জাতীয়তাবাদ
খ. সমাজতন্ত্র
গ. গণতন্ত্র
ঘ. ধর্মনিরপেক্ষতা।

৮. **মৌলিক অধিকার:** সংবিধানের তৃতীয় ভাগে মোট ১৮টি মৌলিক অধিকার সন্নিবেশ করা হয়েছে। এ অধিকারগুলোর অভিভাবক ও সংরক্ষণকারী হলো সুপ্রীম কোর্ট।

৯. **মন্ত্রী পরিষদ শাসিত সরকার ব্যবস্থা:** মন্ত্রী পরিষদ শাসিত সরকার বলতে এমন এক ধরনের শাসন ব্যবস্থাকে বোঝায় যেখানে দেশের শাসন সংক্রান্ত যাবতীয় ক্ষমতা মন্ত্রী পরিষদের হাতে ন্যস্ত থাকে এবং মন্ত্রী পরিষদ তাদের সকল প্রকার নীতি ও কার্যের জন্য আইন পরিষদের নিকট দায়ী থাকেন। রাষ্ট্রপতি নাম মাত্র প্রধান থাকেন। প্রকৃত শাসন ক্ষমতা ব্যবহার করে মন্ত্রী পরিষদ। সংবিধানের ৫৫ নং অনুচ্ছেদে মন্ত্রী পরিষদ শাসিত সরকারের বৈশিষ্ট্যাবলী নিহিত আছে।

১০. **বিচার বিভাগের স্বাধীনতা:** সংবিধানের ২২ নং অনুচ্ছেদে বলা হয়েছে রাষ্ট্র নির্বাহী বিভাগ থেকে বিচার বিভাগ পৃথকীকরণে সচেষ্ট হবে। উল্লেখ্য যে, ১ নভেম্বর, ২০০৭ থেকে বিচার বিভাগ স্বাধীনভাবে কর্মপরিচালনা করছে।

১১. **ন্যায়পাল:** সংবিধানের ৭৭নং অনুচ্ছেদে বাংলাদেশে একটি ন্যায়পালের পদ সৃষ্টি করা হয়। সরকারি যে কোন ব্যক্তি বা কর্তৃপক্ষের কাজের নিরপেক্ষ তদন্তের জন্য তথা তাদের জবাবদিহিতা অধিকতর নিশ্চিতকরণকল্পে ন্যায়পালের ভূমিকা গণতান্ত্রিক সফলতায় অসীম।

## এক নজরে সংবিধান

| ভাগ | বিষয় | | অনুচ্ছেদ |
|---|---|---|---|
| প্রথম | প্রজাতন্ত্র | | ০১-০৭খ |
| দ্বিতীয় | রাষ্ট্র পরিচালনার মূলনীতি | | ০৮-২৫ |
| তৃতীয় | মৌলিক অধিকার | | ২৬-৪৭ |
| চতুর্থ | নির্বাহী বিভাগ (৪৮-৬৪) | ১ম পরিচ্ছেদ- রাষ্ট্রপতি | ৪৮-৫৪ |
| | | ২য় পরিচ্ছেদ- প্রধানমন্ত্রী ও মন্ত্রিসভা | ৫৫-৫৮ |
| | | ৩য় পরিচ্ছেদ- স্থানীয় শাসন | ৫৯-৬০ |
| | | ৪র্থ পরিচ্ছেদ- প্রতিরক্ষা কর্মবিভাগ | ৬১-৬৩ |
| | | ৫ম পরিচ্ছেদ-অ্যাটর্নি জেনারেল | ৬৪ |
| পঞ্চম | আইনসভা (৬৫-৯৩) | ১ম পরিচ্ছেদ- সংসদ | ৬৫-৭৯ |
| | | ২য় পরিচ্ছেদ- আইন প্রণয়ন ও অর্থ সংক্রান্ত পদ্ধতি | ৮০-৯২ |
| | | ৩য় পরিচ্ছেদ- অধ্যাদেশ প্রণয়ন ক্ষমতা | ৯৩ |
| ষষ্ঠ | বিচার বিভাগ (৯৪-১১৭) | ১ম পরিচ্ছেদ- সুপ্রিম কোর্ট | ৯৪-১১৩ |
| | | ২য় পরিচ্ছেদ- অধস্তন আদালত | ১১৪-১১৬ |
| | | ৩য় পরিচ্ছেদ- প্রশাসনিক ট্রাইব্যুনাল | ১১৭ |
| সপ্তম | নির্বাচন | | ১১৮-১২৬ |
| অষ্টম | মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক | | ১২৭-১৩২ |
| নবম | বাংলাদেশের কর্মবিভাগ (১৩৩-১৪১) | ১ম পরিচ্ছেদ- কর্মবিভাগ | ১৩৩-১৩৬ |
| | | ২য় পরিচ্ছেদ- সরকারি কর্মকমিশন | ১৩৭-১৪১ |
| নবম ক | জরুরী বিধানাবলী | | ১৪১ক-১৪১গ |
| দশম | সংবিধান সংশোধন | | ১৪২ |
| একাদশ | বিবিধ | | ১৪৩-১৫৩ |



# মৌলিক অধিকারসহ রাষ্ট্র পরিচালনার মূলনীতিসমূহ

■ **মৌলিক অধিকার:** মৌলিক অধিকার হলো জনগণের সেই সমস্ত অধিকার যেগুলো সংবিধান দ্বারা সংরক্ষিত ও আইন দ্বারা বলবৎযোগ্য। মৌলিক অধিকারগুলো সবই মানবাধিকার। তবে মানবাধিকারের মধ্যে যে অধিকারগুলো লঙ্ঘিত হলে আদালতের মাধ্যমে আদায় করতে পারে সেগুলো মৌলিক অধিকার। মৌলিক অধিকারের সাথে অসামঞ্জস্য সকল প্রচলিত আইন যতখানি অসামঞ্জস্যপূর্ণ ততখানি বাতিল বলে গণ্য হয়। রাষ্ট্র মৌলিক অধিকার পরিপন্থী কোন আইন তৈরী করবে না।

⇒ সংবিধানের সংশোধন কিংবা দেশে জরুরি অবস্থা জারি করা ছাড়া মৌলিক অধিকার ক্ষুণ্ন করা যায় না।

## ■ বাংলাদেশের সংবিধানে বর্ণিত মৌলিক অধিকারসমূহ:

বাংলাদেশ সংবিধানে ১৮টি মৌলিক অধিকার সন্নিবেশ করা হয়েছে। বাংলাদেশের সংবিধানের তৃতীয় ভাগের ২৭নং থেকে ৪৪ নং পর্যন্ত মোট ১৮টি মৌলিক অধিকারের প্রকৃতি ও ভোগের নিশ্চয়তা সম্পর্কে বর্ণনা করা হয়েছে। ১৮টি মৌলিক অধিকার সমূহকে দুই ভাগে ভাগ করা যায়। যেমন:

**A. রাষ্ট্রে অবস্থানরত নাগরিক ও বিদেশী উভয়ে ভোগ করতে পারে। এরূপ মৌলিক অধিকার ৬টি। এগুলো নিম্নরূপ:**

(১) জীবন ও ব্যক্তি স্বাধীনতার অধিকার (অনু: ৩২)
(২) গ্রেপ্তার ও আটক সম্পর্কে রক্ষাকবচ (অনু: ৩৩)
(৩) জবরদস্তি শ্রম নিষিদ্ধকরণ (অনু: ৩৪)
(৪) বিচার ও দণ্ড সম্পর্কে রক্ষণ (অনু: ৩৫)
(৫) ধর্মীয় স্বাধীনতা (অনু: ৪১)
(৬) সাংবিধানিক প্রতিকার পাওয়ার অধিকার (অনু: ৪৪)

**B. শুধু বাংলাদেশের নাগরিকরা ভোগ করতে পারে- এরূপ মৌলিক অধিকার ১২টি। এগুলো নিম্নরূপ:**

(১) আইনের দৃষ্টিতে সমতা (অনু: ২৭)
(২) ধর্ম, গোষ্ঠী, বর্ণ, নারী পুরুষভেদে বৈষম্য না প্রদান (অনু: ২৮)
(৩) সরকারি নিয়োগ লাভে সুযোগের সমতা (অনু: ২৯)
(৪) রাষ্ট্রপতি পূর্বানুমোদন ব্যতীত বিদেশী খেতাব গ্রহণ নিষিদ্ধকরণ (অনু: ৩০)
(৫) আইনের আশ্রয় লাভের অধিকার (অনু: ৩১)
(৬) চলাফেরার স্বাধীনতা (অনু: ৩৬)
(৭) সমাবেশের স্বাধীনতা (অনু: ৩৭)
(৮) সংগঠনের স্বাধীনতা (অনু: ৩৮)
(৯) চিন্তা ও বিবেকের স্বাধীনতা এবং বাক-স্বাধীনতা (অনু: ৩৯)
(১০) পেশা বা বৃত্তির স্বাধীনতা (অনু: ৪০)
(১১) সম্পত্তির অধিকার (অনু: ৪২)
(১২) গৃহ ও যোগাযোগের রক্ষণ (অনু: ৪৩)

## প্রথম ভাগ

### রাষ্ট্র পরিচালনার মূলনীতি

⇒ রাষ্ট্র পরিচালনার মূলনীতি বলতে সেই সকল নীতিকে বোঝায় যেগুলো রাষ্ট্রের সামাজিক, অর্থনৈতিক, প্রশাসনিক ও বৈদেশিক নীতি নির্ধারণে সহায়তা করে।

⇒ ১৯৭২ সালের প্রণীত বাংলাদেশ সংবিধানের প্রস্তাবনায় রাষ্ট্র পরিচালনার চারটি মূলনীতির কথা বলা হয়েছে। যথা-

১. জাতীয়তাবাদ ২. সমাজতন্ত্র
৩. গণতন্ত্র এবং ৪. ধর্ম নিরপেক্ষতা

## দ্বিতীয় ভাগ

### রাষ্ট্র পরিচালনার মূলনীতিসমূহ

সংবিধানে রাষ্ট্র পরিচালনার মূলনীতির উল্লেখ আছে- ২য় ভাগে (৮-২৫) নং অনুচ্ছেদে।

| | | |
|---|---|---|
| অনুচ্ছেদ-৮ | : | অনুযায়ী– জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতাসহ এই সকল মূলনীতি হতে উদ্ভূত সকল নীতি রাষ্ট্র পরিচালনার মূলনীতি হিসেবে গণ্য। |
| অনুচ্ছেদ-৯* | : | জাতীয়তাবাদ |
| অনুচ্ছেদ-১০* | : | সমাজতন্ত্র ও শোষণমুক্তি |
| অনুচ্ছেদ-১১* | : | গণতন্ত্র ও মানবাধিকার |
| অনুচ্ছেদ-১২ | : | ধর্ম নিরপেক্ষতা ও ধর্মীয় স্বাধীনতা |
| অনুচ্ছেদ-১৩ | : | মালিকানা নীতি |
| অনুচ্ছেদ-১৪ | : | কৃষক ও শ্রমিকের মুক্তি |
| অনুচ্ছেদ-১৫ | : | মৌলিক প্রয়োজনের ব্যবস্থা |
| অনুচ্ছেদ-১৬ | : | গ্রামীণ উন্নয়ন ও কৃষি বিপ্লব |
| অনুচ্ছেদ-১৭* | : | অবৈতনিক ও বাধ্যতামূলক শিক্ষা |
| অনুচ্ছেদ-১৮* | : | জনস্বাস্থ্য ও নৈতিকতা |
| অনুচ্ছেদ-১৮ক | : | পরিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণ ও উন্নয়ন |
| অনুচ্ছেদ-১৯* | : | সুযোগের সমতা |
| অনুচ্ছেদ-১৯(৩)* | : | জাতীয় জীবনের সর্বস্তরে মহিলাদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে |
| অনুচ্ছেদ-২০* | : | অধিকার ও কর্তব্যরূপে কর্ম |
| অনুচ্ছেদ-২১* | : | নাগরিক ও সরকারি কর্মচারীদের কর্তব্য |
| অনুচ্ছেদ-২২* | : | নির্বাহী বিভাগ হইতে বিচার বিভাগের পৃথকীকরণ |
| অনুচ্ছেদ-২৩ | : | জাতীয় সংস্কৃতি |
| অনুচ্ছেদ-২৩ক* | : | উপজাতি, ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের সংস্কৃতি |
| অনুচ্ছেদ-২৪* | : | জাতীয় স্মৃতি নিদর্শন প্রভৃতি |
| অনুচ্ছেদ-২৫ | : | আন্তর্জাতিক শান্তি, নিরাপত্তা ও সংহতির উন্নয়ন |

## তৃতীয় ভাগ

### মৌলিক অধিকার

সংবিধানের মৌলিক অধিকারের উল্লেখ আছে– ৩য় ভাগে (২৬-৪৭) নং অনুচ্ছেদে

| | | |
|---|---|---|
| অনুচ্ছেদ-২৬ | : | মৌলিক অধিকারের সহিত অসামঞ্জস্যপূর্ণ আইন বাতিল |
| অনুচ্ছেদ-২৭* | : | আইনের দৃষ্টিতে সমতা |
| অনুচ্ছেদ-২৮* | : | ধর্ম প্রভৃতি কারণে বৈষম্য রোধ |
| অনুচ্ছেদ-২৯* | : | সরকারি নিয়োগ লাভে সুযোগের সমতা |
| অনুচ্ছেদ-৩০ | : | বিদেশি খেতাব প্রভৃতি গ্রহণ নিষিদ্ধকরণ |
| অনুচ্ছেদ-৩১* | : | আইনের আশ্রয় লাভের অধিকার |
| অনুচ্ছেদ-৩২ | : | জীবন ও ব্যক্তি স্বাধীনতার অধিকার ও সংরক্ষণ |
| অনুচ্ছেদ-৩৩ | : | গ্রেপ্তার ও আটক সম্পর্কে রক্ষাকবচ |
| অনুচ্ছেদ-৩৪ | : | জবরদস্তি শ্রম নিষিদ্ধকরণ |
| অনুচ্ছেদ-৩৫ | : | বিচার ও দণ্ড সম্পর্কে রক্ষণ |
| অনুচ্ছেদ-৩৬* | : | চলাফেরার স্বাধীনতা |
| অনুচ্ছেদ-৩৭* | : | সমাবেশের স্বাধীনতা |
| অনুচ্ছেদ-৩৮* | : | সংগঠনের স্বাধীনতা |
| অনুচ্ছেদ-৩৯* | : | চিন্তা ও বিবেকের স্বাধীনতা এবং বাক্-স্বাধীনতা |
| অনুচ্ছেদ-৪০* | : | পেশা ও বৃত্তির স্বাধীনতা |
| অনুচ্ছেদ-৪১* | : | ধর্মীয় স্বাধীনতা |

| | | |
|---|---|---|
| অনুচ্ছেদ-৪২* | : | সম্পত্তির অধিকার |
| অনুচ্ছেদ-৪৩ | : | গৃহ ও যোগাযোগের রক্ষণ |
| অনুচ্ছেদ-৪৪ | : | মৌলিক অধিকার বলবৎকরণ (রীট পিটিশন করার ক্ষমতা/ মামলা করার অধিকার) |
| অনুচ্ছেদ-৪৫ | : | শৃঙ্খলামূলক আইনের ক্ষেত্রে অধিকারের পরিবর্তন |
| অনুচ্ছেদ-৪৬* | : | দায়মুক্তি বিধানের হেফাজত |
| অনুচ্ছেদ-৪৭ | : | কতিপয় আইনের হেফাজত |
| অনুচ্ছেদ-৪৭ক | : | সংবিধানের কতিপয় বিধানের অপ্রযোজ্যতা |

## রিট (Writ)

বাংলাদেশ সংবিধানের ১০২ অনুচ্ছেদ অনুসারে কোনো সংক্ষুব্ধ ব্যক্তি হাইকোর্ট বিভাগের যে দরখাস্ত আনয়ন করেন তাকে রিট আবেদন বলে।

⇒ **হেবিয়াস কার্পাস (বন্দী প্রদর্শন) রীট :** কোন ব্যক্তিকে বেআইনীভাবে বা আইনগত কর্তৃপক্ষ ছাড়া জেল খানায় বা অন্য কোন স্থানে আটক করা হলে হাইকোর্ট বিভাগ আটককারীকে আদালতে হাজির করার নির্দেশ দিয়ে আটক করার কারণ জিজ্ঞাসা করতে পারে, একে বন্দী প্রদর্শন বলে।

# চতুর্থ ভাগ: নির্বাহী বিভাগ (অনুচ্ছেদ: ৪৮-৬৪)

### ১ম পরিচ্ছেদ: রাষ্ট্রপতি (অনুচ্ছেদ: ৪৮-৫৪)

| অনুচ্ছেদ | বিষয় |
|---|---|
| ৪৮* | রাষ্ট্রপতি |
| ৪৯ | ক্ষমা প্রদর্শনের অধিকার |
| ৫০ | রাষ্ট্রপতি-পদের মেয়াদ |
| ৫১* | রাষ্ট্রপতির দায়মুক্তি |
| ৫২ | রাষ্ট্রপতির অভিশংসন |
| ৫৩ | অসামর্থ্যের কারণে রাষ্ট্রপতির অপসারণ |
| ৫৪ | অনুপস্থিতি প্রভৃতির কালে রাষ্ট্রপতি-পদে স্পিকার |

### ২য় পরিচ্ছেদ: প্রধানমন্ত্রী ও মন্ত্রিসভা (অনুচ্ছেদ: ৫৫-৫৮ক)

| অনুচ্ছেদ | বিষয় |
|---|---|
| ৫৫* | মন্ত্রিসভা |
| ৫৬ | মন্ত্রিগণ |
| ৫৭* | প্রধানমন্ত্রীর পদের মেয়াদ |
| ৫৮ | অন্যান্য মন্ত্রীর পদের মেয়াদ |

### *২ক পরিচ্ছেদ: নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার (বিলুপ্ত)

### ৩য় পরিচ্ছেদ: স্থানীয় শাসন (অনুচ্ছেদ: ৫৯-৬০)

| অনুচ্ছেদ | বিষয় |
|---|---|
| ৫৯* | স্থানীয় শাসন |
| ৬০ | স্থানীয় শাসন সংক্রান্ত প্রতিষ্ঠানের ক্ষমতা |

### ৪র্থ পরিচ্ছেদ: প্রতিরক্ষা কর্মবিভাগ (অনুচ্ছেদ: ৬১-৬৩)

| অনুচ্ছেদ | বিষয় |
|---|---|
| ৬১ | সর্বাধিনায়কতা |
| ৬২ | প্রতিরক্ষা কর্মবিভাগে ভর্তি প্রভৃতি |
| ৬৩* | যুদ্ধ |

### ৫ম পরিচ্ছেদ: অ্যাটর্নি-জেনারেল (অনুচ্ছেদ: ৬৪)

| অনুচ্ছেদ | বিষয় |
|---|---|
| ৬৪* | অ্যাটর্নি-জেনারেল |

## এক কথায় উত্তর

**১. বাংলাদেশ অস্থায়ী সংবিধান অধ্যাদেশ জারি হয় কবে?**
**উত্তর:** ১১ জানুয়ারী, ১৯৭২।

**২. বাংলাদেশ অস্থায়ী সংবিধান অধ্যাদেশ জারি করেন কে?**
**উত্তর:** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

**৩. গণপরিষদ আদেশ জারি করা হয় কবে?**
**উত্তর:** ২৩ মার্চ, ১৯৭২।

**৪. গণপরিষদ আদেশ জারি করেন কে?**
**উত্তর:** রাষ্ট্রপতি বিচারপতি আবু সাঈদ চৌধুরী।

**৫. বাংলাদেশ গণপরিষদের সদস্য ছিল কতজন?**
**উত্তর:** ৪০৩ জন।

**৬. গণপরিষদের প্রথম অধিবেশন বসে কবে?**
**উত্তর:** ১০ এপ্রিল, ১৯৭২।

**৭. গণপরিষদের প্রথম স্পিকার কে ছিলেন?**
**উত্তর:** শাহ আব্দুল হামিদ।

**৮. গণপরিষদের প্রথম ডেপুটি স্পিকার কে ছিলেন?**
**উত্তর:** মোহাম্মদ উল্লাহ।

**৯. সংবিধান রচনা কমিটির সদস্য কতজন ছিল?**
**উত্তর:** ৩৪ জন।

**১০. সংবিধান রচনা কমিটির সভাপতি কে ছিলেন?**
**উত্তর:** ড. কামাল হোসেন।

**১১. সংবিধান রচনা কমিটির একমাত্র মহিলা সদস্য কে ছিলেন?**
**উত্তর:** বেগম রাজিয়া বানু।

**১২. সংবিধান রচনা কমিটির একমাত্র বিরোধী দলীয় সদস্য কে ছিলেন?**
**উত্তর:** সুরঞ্জিত সেন গুপ্ত।

**১৩. বাংলাদেশের খসড়া সংবিধান গণপরিষদে প্রথম উত্থাপিত হয় কবে?**
**উত্তর:** ১২ অক্টোবর, ১৯৭২।

**১৪. খসড়া সংবিধান গণপরিষদে গৃহীত হয় কবে?**
**উত্তর:** ৪ নভেম্বর, ১৯৭২।

**১৫. বাংলাদেশের সংবিধান দিবস কবে?**
**উত্তর:** ৪ নভেম্বর।

**১৬. বাংলাদেশের সংবিধানের অঙ্গসজ্জা করেন কে?**
**উত্তর:** শিল্পাচার্য জয়নুল আবেদিন।

**১৭. বাংলাদেশের সংবিধান কার্যকর হয় কবে?**
**উত্তর:** ১৬ ডিসেম্বর, ১৯৭২।

**১৮. বাংলাদেশের সংবিধান কোন ধরনের?**
**উত্তর:** লিখিত সংবিধান।

**১৯. বাংলাদেশের সংবিধান কোন ধরনের?**
**উত্তর:** দুষ্পরিবর্তনীয়।

**২০. বাংলাদেশের সংবিধান কী?**
**উত্তর:** গণপ্রজাতন্ত্রের সর্বোচ্চ আইন।



**২১. সংবিধান অনুযায়ী বাংলাদেশের পার্লামেন্ট কত কক্ষ বিশিষ্ট?**
**উত্তর:** এক কক্ষবিশিষ্ট।

**২২. সংবিধানের মৌলিক অধিকারের নিশ্চয়তা দেওয়া হয়েছে কত অনুচ্ছেদে?**
**উত্তর:** ২৭ থেকে ৪৪ অনুচ্ছেদ পর্যন্ত।

**২৩. সংবিধান অনুযায়ী বাংলাদেশে কোন ধরনের সরকার ব্যবস্থা?**
**উত্তর:** সংসদীয় পদ্ধতি।

**২৪. সংবিধানের ভাগ রয়েছে?** **উত্তর:** ১১টি।

**২৫. সংবিধানের প্রস্তাবনা রয়েছে কতটি?** **উত্তর:** ১টি।

**২৬. এ পর্যন্ত সংবিধান সংশোধন হয়েছে কত বার?** **উত্তর:** ১৭ বার।

**২৭. সংবিধান অনুযায়ী রাষ্ট্র পরিচালনার মূলনীতি কয়টি?**
**উত্তর:** ৪টি (জাতীয়তাবাদ, গণতন্ত্র, সমাজতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা)।

**২৮. সংবিধান সংশোধনে কিসের প্রয়োজন হয়?**
**উত্তর:** দুই তৃতীয়াংশ সংসদ সদস্যের সম্মতি।

**২৯. বাংলাদেশ সংবিধানে অনুচ্ছেদ কতটি?** **উত্তর:** ১৫৩টি।

**৩০. বাংলাদেশ সংবিধানে তফসিল কতটি** **উত্তর:** ৭টি।

**৩১. বাংলাদেশের সংবিধানে মৌলিক অধিকারের আর্টিকেল আছে কতটি?**
**উত্তর:** ২২টি ।

**৩২. সংবিধানের কোন অনুচ্ছেদে 'রাষ্ট্র ও গণজীবনের সর্বস্তরে নারী পুরুষের সমান অধিকার লাভ করিবেন' বলা আছে?** [২৭তম বিসিএস]
**উত্তর:** ২৮ (২) নম্বর অনুচ্ছেদে]

**৩৩. 'সকল নাগরিক আইনের দৃষ্টিতে সমান এবং আইনের সমান আশ্রয় লাভের অধিকারী' সংবিধানে বর্ণিত আছে?** [২৪তম বিসিএস]
**উত্তর:** ২৭নং অনুচ্ছেদে

**৩৪. বাংলাদেশের সংবিধানের কোন অনুচ্ছেদ বলে রাষ্ট্র নারী, শিশু বা অনগ্রসর নাগরিকদের অগ্রগতির জন্য বিশেষ বিধান তৈরির ক্ষমতা পায়?** [২১তম বিসিএস]
**উত্তর:** ২৮।

**৩৫. 'আইনের দৃষ্টিতে সকল নাগরিক সমান' বলা হয়েছে সংবিধানের কত নং অনুচ্ছেদ?**
**উত্তর:** ২৭ নং।

**৩৬. বাংলাদেশের সংবিধানের কত নম্বর অনুচ্ছেদে 'চিন্তা ও বিবেকের স্বাধীনতা' নিশ্চিত করা হয়েছে?**
**উত্তর:** ৩৯ নং অনুচ্ছেদ।

**৩৭. সংবিধানের কোন অনুচ্ছেদে 'চলাফেরার স্বাধীনতা' উল্লেখ রয়েছে?**
**উত্তর:** ৩৬ নং অনুচ্ছেদ।

**৩৮. সংবিধানের ২৮(২) নং অনুচ্ছেদের বিষয়বস্তু কী?**
**উত্তর:** সর্বস্তরে নারী পুরুষের সমান অধিকার।

**৩৯. সংবিধানের কোন অনুচ্ছেদে সকল নাগরিকের আইনের আশ্রয় লাভের অধিকারের উল্লেখ আছে?**
**উত্তর:** ৩১ নং অনুচ্ছেদে ।

**৪০. বাংলাদেশের সংবিধানের কোন অংশে মৌলিক অধিকার দেয়া আছে?**
**উত্তর:** তৃতীয় ভাগে।

**৪১. বাংলাদেশের সংবিধানের ২১(২) অনুচ্ছেদে বলা হয়েছে "সকল সময়ে– চেষ্টা করা প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত প্রত্যেক ব্যক্তির কর্তব্য।" শূন্যস্থান পূরণ করুন।** *[১৮তম বিসিএস]*
**উত্তর:** জনগণের সেবা করিবার।

**৪২. বাংলাদেশের সশস্ত্র বাহিনীর সর্বাধিনায়ক কে?** **উত্তর:** রাষ্ট্রপতি।

**৪৩. সর্বস্তরে নারীপুরুষের সমান অধিকার নিশ্চিত করার কথা বাংলাদেশের সংবিধানের কোন অনুচ্ছেদে বলা হয়েছে?**
**উত্তর:** ২৮(২)।

**৪৪. কোন দেশের লিখিত সংবিধান নাই?**
**উত্তর:** বৃটেন, নিউজিল্যান্ড, স্পেন ও সৌদি আরব।

**৪৫. বিশ্বের সবচেয়ে বড় সংবিধান কোন দেশের?**
**উত্তর:** ভারত।

**৪৬. বিশ্বের সবচেয়ে ছোট সংবিধান কোন দেশের?**
**উত্তর:** আমেরিকা (শব্দের দিক থেকে ছোট সংবিধান মোনাকোর)।

**৪৭. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতির শপথবাক্য পাঠ করান কে?**
**উত্তর:** স্পিকার ।

**৪৮. বাংলাদেশ সংবিধানের রাষ্ট্র পরিচালনার মূলনীতি কয়টি?**
**উত্তর:** ৪টি।

**৪৯. শিক্ষার জন্য সাংবিধানিক অঙ্গীকার বাংলাদেশ সংবিধানের কত নম্বর অনুচ্ছেদে বর্ণিত হয়েছে?**
**উত্তর:** ১৭ নং অনুচ্ছেদে।

**৫০. বাংলাদেশ সংবিধানের কোন অনুচ্ছেদে 'নির্বাহী বিভাগ হতে বিচার বিভাগের পৃথকীকরণ' –এর কথা বলা হয়েছে?**
**উত্তর:** ২২ নং অনুচ্ছেদে।

**৫১. সংবিধানের কোন অনুচ্ছেদে জাতীয় জীবনের সর্বস্তরে মহিলাদের অংশগ্রহণ নিশ্চিত করার কথা বলা হয়েছে?**
**উত্তর:** ২য় ভাগে ১৯(৩) নং অনুচ্ছেদে।

**৫২. সংবিধানের ৪৮-এর ৪ক. অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্রপতি হওয়ার জন্য বয়স কত?**
**উত্তর:** ৩৫ বছর।

**৫৩. রাষ্ট্রপতির ক্ষমা প্রদর্শনের অধিকার বর্ণিত আছে কোন অনুচ্ছেদে?**
**উত্তর:** ৪৯ নং অনুচ্ছেদে।

**৫৪. রাষ্ট্রপতির দায়মুক্তির কথা বলা হয়েছে কত নং অনুচ্ছেদে?**
**উত্তর:** ৫১ নং অনুচ্ছেদে।

**৫৫. রাষ্ট্রপতি স্পিকারের নিকট পদত্যাগ করতে পারেন কত নং অনুচ্ছেদ অনুযায়ী?**
**উত্তর:** ৫০ (৩) নং অনুচ্ছেদ অনুযায়ী।

**৫৬. সংবিধানের ৫২ অনুচ্ছেদ এর বিষয়বস্তু কী?**
**উত্তর:** রাষ্ট্রপতির অভিশংসন সম্ভব।

**৫৭. রাষ্ট্রপতি অ্যাটর্নি জেনারেল নিয়োগ দেয়া কত নং অনুচ্ছেদ অনুযায়ী?**
**উত্তর:** ৬৪ (১) অনুচ্ছেদ অনুযায়ী।

**৫৮. যুদ্ধ সম্পর্কে বলা আছে সংবিধানের কত নং অনুচ্ছেদে?**
**উত্তর:** ৬৩ নং অনুচ্ছেদ।

**৫৯. সংবিধানের কত নং অনুচ্ছেদে স্থানীয় শাসন সম্পর্কে বলা আছে?**
**উত্তর:** ৫৯ নং অনুচ্ছেদ।

**৬০. হেবিয়াস কর্পাস শব্দের অর্থ কী?**
**উত্তর:** বন্দী প্রদর্শন।

**৬১. চিন্তা ও বিবেকের স্বাধীনতার কথা বলা হয়েছে সংবিধানের কোন অনুচ্ছেদে?**
**উত্তর:** ৩৯ নং অনুচ্ছেদ।

**৬২. পেশা ও বৃত্তি সম্পর্কে বলা হয়েছে সংবিধানের কত নং অনুচ্ছেদে?**
**উত্তর:** ৪০ নং অনুচ্ছেদ।

**৬৩. সংবিধানের ২৯ নং অনুচ্ছেদে কী বলা হয়েছে?**
**উত্তর:** সরকারি নিয়োগ লাভে সুযোগের সমতা।

**৬৪. জবরদস্তিমূলক শ্রম নিষিদ্ধ করা হয়েছে কত নং অনুচ্ছেদে?**
**উত্তর:** ৩৪ নং অনুচ্ছেদ।

**৬৫. মৌলিক প্রয়োজনের কথা বলা হয়েছে কত নং অনুচ্ছেদে?**
**উত্তর:** ১৫ নং অনুচ্ছেদ।

**৬৬. রাষ্ট্রে অবস্থানরত নাগরিক ও বিদেশী উভয়ে ভোগ করতে পারে এরূপ মৌলিক অধিকার কতটি?**
**উত্তর:** ৬টি।

**৬৭. বাংলাদেশ সংবিধানে কতটি মৌলিক অধিকার সন্নিবেশ করা আছে?**
**উত্তর:** ১৮টি।

**৬৮. সংবিধানের Guiding star বলা হয় কোনটিকে?**
**উত্তর:** প্রস্তাবনাকে।

**৬৯. বিচার বিভাগের স্বাধীনতার কথা বলা আছে কত নং অনুচ্ছেদে?**
**উত্তর:** ২২ নং অনুচ্ছেদ।

## Teacher's Work

১. **বাংলাদেশ সংবিধানের রক্ষক কে?** *(৪৪তম বিসিএস)*
ⓚ জাতীয় সংসদ ⓚ শাসন বিভাগ ⓖ সুপ্রীম কোর্ট ⓖ আইন মন্ত্রণালয় — গ

২. **সংবিধান রচনা কমিটির একমাত্র মহিলা সদস্য কে?**
ⓚ বেগম রেবেকা বানু ⓚ বেগম রোকেয়া ⓖ বেগম মন্নুজান ⓖ বেগম রাজিয়া বানু — ঘ

৩. **বাংলাদেশ সংবিধান হাতে লিখার দায়িত্ব কার ওপর ন্যস্ত ছিল?** *(৪৩তম বিসিএস)*
ⓚ হাশেম খান ⓚ এ. কে. এম. আব্দুর রউফ ⓖ আবুল বারক আলভী ⓖ সমর জিৎ রায় চৌধুরী — খ

## পঞ্চম ভাগ: আইনসভা (অনুচ্ছেদ: ৬৫-৯৩)

### ⇒ ১ম পরিচ্ছেদ: সংসদ (অনুচ্ছেদ: ৬৫-৭৯)

| অনুচ্ছেদ | বিষয় |
|---|---|
| ৬৫* | সংসদ- প্রতিষ্ঠা |
| ৬৬ | সংসদে নির্বাচিত হইবার যোগ্যতা ও অযোগ্যতা |
| ৬৭ | সদস্যদের আসন শূন্য হওয়া |
| ৬৮ | সংসদ সদস্যদের পারিশ্রমিক প্রভৃতি |
| ৬৯ | শপথ গ্রহণের পূর্বে আসন গ্রহণ বা ভোটদান করিলে সদস্যের অর্থদণ্ড |
| ৭০ | রাজনৈতিক দল হইতে পদত্যাগ বা দলের বিপক্ষে ভোটদানের কারণে শূন্য হওয়া |
| ৭১ | দ্বৈত- সদস্যতায় বাধা |
| ৭২ | সংসদের অধিবেশন |
| ৭৩ | সংসদে রাষ্ট্রপতির ভাষণ ও বাণী |
| ৭৩ক | সংসদ সম্পর্কে মন্ত্রিগণের অধিকার |
| ৭৪ | স্পিকার ও ডেপুটি স্পিকার |
| ৭৫ | কার্যপ্রণালি-বিধি, কোরাম প্রভৃতি |
| ৭৬ | সংসদের স্থায়ী কমিটিসমূহ |
| ৭৭* | ন্যায়পাল |
| ৭৮ | সংসদ ও সদস্যদের বিশেষ অধিকার ও দায়মুক্তি |
| ৭৯ | সংসদ-সচিবালয় |

### ⇒ ২য় পরিচ্ছেদ: আইন প্রণয়ন ও অর্থসংক্রান্ত পদ্ধতি (৮০-৯২)

| অনুচ্ছেদ | বিষয় |
|---|---|
| ৮০ | আইন প্রণয়ন পদ্ধতি |
| ৮১* | অর্থবিল |
| ৮২ | আর্থিক ব্যবস্থাবলির সুপারিশ |
| ৮৩ | সংসদ আইন ব্যতীত করারোপে বাধা |
| ৮৪ | সংযুক্ত তহবিল ও প্রজাতন্ত্রের সরকারি হিসাব |
| ৮৫ | সরকারি অর্থের নিয়ন্ত্রণ |
| ৮৬ | প্রজাতন্ত্রের সরকারি হিসাবে প্রদেয় অর্থ |
| ৮৭* | বার্ষিক আর্থিক বিবৃতি |
| ৮৮ | সংযুক্ত তহবিলের উপর দায় |
| ৮৯ | বার্ষিক আর্থিক বিবৃতি সম্পর্কিত পদ্ধতি |
| ৯০ | নির্দিষ্টকরণ আইন |
| ৯১ | সম্পূরক ও অতিরিক্ত মঞ্জুরী |
| ৯২ | হিসাব, ঋণ প্রভৃতির উপর ভোট |

### ⇒ ৩য় পরিচ্ছেদ: অধ্যাদেশ প্রণয়ন ক্ষমতা (অনুচ্ছেদ: ৯৩)

| অনুচ্ছেদ | বিষয় |
|---|---|
| ৯৩* | অধ্যাদেশ প্রণয়ন-ক্ষমতা |

## ৬ষ্ঠ ভাগ: বিচার বিভাগ (অনুচ্ছেদ: ৯৪-১১৭)

### ⇒ ১ম পরিচ্ছেদ: সুপ্রীম কোর্ট (অনুচ্ছেদ: ৯৪-১১৩)

| অনুচ্ছেদ | বিষয় |
|---|---|
| ৯৪* | সুপ্রীম কোর্ট প্রতিষ্ঠা |
| ৯৫ | বিচারক নিয়োগ |
| ৯৬ | বিচারক পদের নিয়োগ |
| ৯৭ | অস্থায়ী প্রধান বিচারপতি নিয়োগ |
| ৯৮ | সুপ্রীম কোর্টের অতিরিক্ত বিচারকগণ |
| ৯৯ | অবসর গ্রহণের পর বিচারকগণের অক্ষমতা |
| ১০০ | সুপ্রীম কোর্টের আসন |
| ১০১ | হাইকোর্ট বিভাগের এখতিয়ার |
| ১০২ | কতিপয় আদেশ ও নির্দেশ প্রভৃতি দানের ক্ষেত্রে হাইকোর্ট বিভাগের ক্ষমতা |
| ১০৩ | আপীল বিভাগের এখতিয়ার |
| ১০৪ | আপীল বিভাগের পরোয়ানা জারী ও নির্বাহ |
| ১০৫ | আপীল বিভাগ কর্তৃক রায় বা আদেশ পুনর্বিবেচনা |
| ১০৬ | সুপ্রীম কোর্টের উপদেষ্টামূলক এখতিয়ার |
| ১০৭ | সুপ্রীম কোর্টের বিধিপ্রণয়ন ক্ষমতা |
| ১০৮* | 'কোর্ট অব রেকর্ড' রূপে সুপ্রীম কোর্ট |
| ১০৯ | আদালতসমূহের উপর তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ |
| ১১০ | অধঃস্তন আদালত হইতে হাইকোর্ট বিভাগে মামলা স্থানান্তর |
| ১১১ | সুপ্রীম কোর্টের রায়ের বাধ্যতামূলক কার্যকারিতা |
| ১১২ | সুপ্রীম কোর্টের সহায়তা |

| অনুচ্ছেদ | বিষয় |
|---|---|
| ১১৩ | সুপ্রীম কোর্টের কর্মচারীগণ |

### ⇒ ২য় পরিচ্ছেদ: অধস্তন আদালত (অনুচ্ছেদ: ১১৪-১১৬ক)

| অনুচ্ছেদ | বিষয় |
|---|---|
| ১১৪ | অধস্তন আদালতসমূহ প্রতিষ্ঠা |
| ১১৫ | অধস্তন আদালতে নিয়োগ |
| ১১৬ | অধস্তন আদালতসমূহের নিয়ন্ত্রণ ও শৃঙ্খলা |
| ১১৬ক. | বিচার বিভাগীয় কর্মচারীগণ বিচারকার্য পালনের ক্ষেত্রে স্বাধীন |

### ⇒ ৩য় পরিচ্ছেদ: প্রশাসনিক ট্রাইব্যুনাল (অনুচ্ছেদ: ১১৭)

| অনুচ্ছেদ | বিষয় |
|---|---|
| ১১৭* | প্রশাসনিক ট্রাইব্যুনালসমূহ |

## সপ্তম ভাগ: নির্বাচন (অনুচ্ছেদ: ১১৮-১২৬)

| অনুচ্ছেদ | বিষয় |
|---|---|
| ১১৮* | নির্বাচন কমিশন প্রতিষ্ঠা |
| ১১৯ | নির্বাচন কমিশনের দায়িত্ব |
| ১২০ | নির্বাচন কমিশনের কর্মচারীগণ |
| ১২১* | প্রতি এলাকার জন্য একটি মাত্র ভোটার তালিকা |
| ১২২* | ভোটার তালিকায় নামভুক্তির যোগ্যতা |
| ১২৩* | নির্বাচন অনুষ্ঠানের সময় |
| ১২৪ | নির্বাচন সম্পর্কে সংসদের বিধান প্রণয়নের ক্ষমতা |
| ১২৫ | নির্বাচনী আইন ও নির্বাচনের বৈধতা |
| ১২৬ | নির্বাচন কমিশনকে নির্বাহী কর্তৃপক্ষের সহায়তাদান |

## অষ্টম ভাগ: মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (১২৭-১৩২)

| অনুচ্ছেদ | বিষয় |
|---|---|
| ১২৭* | মহা হিসাব নিরীক্ষক পদের প্রতিষ্ঠা |
| ১২৮ | মহা হিসাব নিরীক্ষকের দায়িত্ব |
| ১২৯ | মহা হিসাব নিরীক্ষকের কর্মের মেয়াদ |
| ১৩০ | অস্থায়ী মহা হিসাব নিরীক্ষক |
| ১৩১ | প্রজাতন্ত্রের হিসাব রক্ষার আকার ও পদ্ধতি |
| ১৩২ | সংসদে মহা হিসাব নিরীক্ষকের রিপোর্ট উপস্থাপন |

## নবম ভাগ : বাংলাদেশের কর্মবিভাগ (অনুচ্ছেদ ১৩৩-১৪১)

### ⇒ ১ম পরিচ্ছেদ : কর্মবিভাগ (অনুচ্ছেদ: ১৩৩-১৩৬)

| অনুচ্ছেদ | বিষয় |
|---|---|
| ১৩৩ | নিয়োগ ও কর্মের শর্তাবলি |
| ১৩৪ | কর্মের মেয়াদ |
| ১৩৫ | অসামরিক সরকারি কর্মচারীদের বরখাস্ত প্রভৃতি |
| ১৩৬ | কর্মবিভাগ পুনর্গঠন |

### ⇒ ২য় পরিচ্ছেদ : সরকারি কর্ম কমিশন (অনুচ্ছেদ: ১৩৭-১৪১)

| অনুচ্ছেদ | বিষয় |
|---|---|
| ১৩৭* | কমিশন প্রতিষ্ঠা |
| ১৩৮ | সদস্য নিয়োগ |
| ১৩৯ | পদের মেয়াদ |
| ১৪০ | কমিশনের দায়িত্ব |
| ১৪১ | বার্ষিক রিপোর্ট |

## নবম ভাগ : জরুরী বিধানাবলি (১৪১ক-১৪১গ)

| অনুচ্ছেদ | বিষয় |
|---|---|
| ১৪১ক* | জরুরী অবস্থা ঘোষণা |
| ১৪১খ* | জরুরী অবস্থার সময় সংবিধানের কতিপয় অনুচ্ছেদের বিধান স্থগিতকরণ |
| ১৪১গ* | জরুরী অবস্থার সময় মৌলিক অধিকারসমূহ স্থগিতকরণ |

## দশম ভাগ : সংবিধান-সংশোধন (অনুচ্ছেদ ১৪২)

| অনুচ্ছেদ | বিষয় |
|---|---|
| ১৪২* | সংবিধানের বিধান সংশোধনের ক্ষমতা |

## একাদশ ভাগ : বিবিধ (অনুচ্ছেদ ১৪৩-১৫৩)

| অনুচ্ছেদ | বিষয় |
|---|---|
| ১৪৩* | প্রজাতন্ত্রের সম্পত্তি |
| ১৪৪ | সম্পত্তি ও কারবার প্রভৃতি প্রসঙ্গে নির্বাহী কর্তৃত্ব |
| ১৪৫* | চুক্তি ও দলিল |
| ১৪৫ক* | আন্তর্জাতিক চুক্তি |
| ১৪৬ | বাংলাদেশের নামে মামলা |
| ১৪৭ | কতিপয় পদাধিকারীর পারিশ্রমিক প্রভৃতি |
| ১৪৮ | পদের শপথ |
| ১৪৯ | প্রচলিত আইনের হেফাজত |
| ১৫০ | ক্রান্তিকালীন ও অস্থায়ী বিধানাবলি |
| ১৫১ | রহিতকরণ |
| ১৫২* | ব্যাখ্যা |
| ১৫৩ | প্রবর্তন, উল্লেখ ও নির্ভরযোগ্য পাঠ |

## তফসিল (Schedule)

| তফসিল | বিষয় |
|---|---|
| প্রথম তফসিল | অন্যান্য বিধান সত্ত্বেও কার্যকর আইন |
| দ্বিতীয় তফসিল | রাষ্ট্রপতি-নির্বাচন [বিলুপ্ত] |
| তৃতীয় তফসিল | শপথ ও ঘোষণা |
| চতুর্থ তফসিল | ক্রান্তিকালীন ও অস্থায়ী বিধানাবলি |
| পঞ্চম তফসিল | ১৯৭১ সালের ৭ মার্চ তারিখে ঢাকার রেসকোর্স ময়দানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দেওয়া ঐতিহাসিক ভাষণ |
| ষষ্ঠ তফসিল | ১৯৭১ সালের ২৫ মার্চ মধ্যরাত শেষে অর্থাৎ ২৬ মার্চ প্রথম প্রহরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক প্রদত্ত বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা |
| সপ্তম তফসিল | ১৯৭১ সালের ১০ এপ্রিল তারিখে মুজিবনগর সরকারের জারিকৃত স্বাধীনতার ঘোষণাপত্র |



# এক কথায় উত্তর

১. **৫০ জন মহিলা সদস্য নিয়ে সংসদ গঠিত হবে উল্লেখ আছে কোন অনুচ্ছেদে?**
**উত্তর:** ৬৫ নং (৩ক) নং অনুচ্ছেদে।

২. **সংসদের আসন শূন্য হওয়ার বিধির কথা উল্লেখ আছে কোন অনুচ্ছেদে?**
**উত্তর:** ৬৭ নং অনুচ্ছেদে।

৩. **'সংসদে রাষ্ট্রপতির ভাষণ ও বাণী' সংক্রান্ত বিষয়ের উল্লেখ আছে কোন অনুচ্ছেদে?**
**উত্তর:** ৭৩ নং অনুচ্ছেদে।

৪. **সংসদ চলাকালে কমপক্ষে ৬০ জন সদস্য উপস্থিত থাকতে হবে বলা আছে কোন ধারায় বলা আছে?**
**উত্তর:** ৭৫(২) নং অনুচ্ছেদে।

৫. **'ন্যায়পাল' নিয়োগের বিধান কত নং অনুচ্ছেদে বলা আছে?**
**উত্তর:** সংবিধানে ৭৭ নং অনুচ্ছেদে উল্লেখ আছে।

৬. **অর্থবিল সম্পর্কে বিস্তারিত উল্লেখ আছে কত নং অনুচ্ছেদে?**
**উত্তর:** ৮১(১-৩) নং অনুচ্ছেদে।

৭. **সম্পূরক ও অতিরিক্ত মঞ্জুরির ব্যাখ্যা আছে কত নং অনুচ্ছেদে?**
**উত্তর:** ৯১ নং অনুচ্ছেদে।

৮. **অধ্যাদেশ প্রণয়নের ক্ষমতার বিস্তারিত উল্লেখ আছে কত নম্বর অনুচ্ছেদে?**
**উত্তর:** ৯৩ (১-৩) নং অনুচ্ছেদে।

৯. **সংবিধানের কোন অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্রপতি প্রধান বিচারপতির সহিত পরামর্শ করে অন্যান্য বিচারককে নিয়োগ দেন?**
**উত্তর:** সংবিধানের ৯৫(১) নং অনুচ্ছেদ অনুযায়ী।

১০. **রাজধানীতে সুপ্রিম কোর্টের স্থায়ী আসন থাকবে উল্লেখ আছে কত নং অনুচ্ছেদে?**
**উত্তর:** ১০০ অনুচ্ছেদে।

১১. **হাইকোর্টের ক্ষমতার উল্লেখ আছে সংবিধানের কত নং অনুচ্ছেদে?**
**উত্তর:** ১০২(১-২) নং অনুচ্ছেদে।

১২. **কত নং অনুচ্ছেদে আপিল বিভাগের ক্ষমতার উল্লেখ আছে-**
**উত্তর:** ১০৩(১-৪) অনুচ্ছেদে।

১৩. **সুপ্রিম কোর্ট হলো একটি 'কোর্ট অব রেকর্ড' উল্লেখ আছে কত নং ধারায়?**
**উত্তর:** ১০৮ নং অনুচ্ছেদে।

১৪. **সংবিধানের কত নং অনুচ্ছেদে প্রশাসনিক ট্রাইব্যুনাল গঠনের উল্লেখ আছে?**
**উত্তর:** ১১৭(১) ও (২) নং অনুচ্ছেদে।

১৫. **বাংলাদেশে কোন ধরনের রাষ্ট্রীয় ব্যবস্থা প্রচলিত?**
**উত্তর:** সার্বভৌম প্রজাতন্ত্র।

১৬. **গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সর্বোচ্চ আইন কি?**
**উত্তর:** সংবিধান।

১৭. **বাংলাদেশের সংবিধানের প্রণয়নের প্রক্রিয়া শুরু হয় কবে?**
**উত্তর:** ২৩ মার্চ, ১৯৭২।

১৮. **বাংলাদেশের সংবিধান কবে উত্থাপিত হয়?**
**উত্তর:** ১২ অক্টোবর, ১৯৭২।

১৯. **গণপরিষদে কবে সংবিধান গৃহীত হয়?**
**উত্তর:** ৪ নভেম্বর, ১৯৭২।

২০. **কোন তারিখে বাংলাদেশের সংবিধান বলবৎ হয়?**
**উত্তর:** ১৬ ডিসেম্বর, ১৯৭২।

২১. **বাংলাদেশে গণপরিষদের প্রথম অধিবেশন কবে অনুষ্ঠিত হয়?**
**উত্তর:** ১০ এপ্রিল, ১৯৭২।

২২. **সংবিধান প্রণয়ন কমিটি কতজন সদস্য নিয়ে গঠন করা হয়?**
**উত্তর:** ৩৪ জন।

২৩. **সংবিধান রচনা কমিটির প্রধান কে ছিলেন?**
**উত্তর:** ড. কামাল হোসেন।

২৪. **সংবিধান রচনা কমিটির একমাত্র মহিলা সদস্য কে ছিলেন?**
**উত্তর:** বেগম রাজিয়া বানু।

২৫. **বাংলাদেশ সংবিধানের কয়টি পাঠ রয়েছে?**
**উত্তর:** ২ টি। বাংলা ও ইংরেজি।

২৬. **কী দিয়ে বাংলাদেশের সংবিধান শুরু ও শেষ হয়েছে?**
**উত্তর:** প্রস্তাবনা দিয়ে শুরু ও ৭টি তফসিল দিয়ে শেষ।

২৭. **বাংলাদেশের সংবিধানে কয়টি ভাগ আছে?**
**উত্তর:** ১১ টি।

২৮. **বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ/ধারা কতটি?**
**উত্তর:** ১৫৩ টি।

২৯. **বাংলাদেশের প্রথম হস্তলেখা সংবিধানের মূল লেখক কে?**
**উত্তর:** আবদুর রউফ।

৩০. **প্রধানমন্ত্রীর পরামর্শ ছাড়া কোন কাজ রাষ্ট্রপতি এককভাবে করতে সক্ষম?**
**উত্তর:** প্রধান বিচারপতির নিয়োগ দান।

৩১. **রাষ্ট্রপতির মেয়াদকাল কত বছর?**
**উত্তর:** কার্যভার গ্রহণের কাল থেকে ৫ বছর।

৩২. **একজন ব্যক্তি বাংলাদেশের রাষ্ট্রপতি হতে পারবেন কত মেয়াদকাল?**
**উত্তর:** ২ মেয়াদকাল।

৩৩. **কার উপর আদালতের কোন এখতিয়ার নেই?**
**উত্তর:** রাষ্ট্রপতি।

৩৪. **জাতীয় সংসদের সভাপতি কে?**
**উত্তর:** স্পিকার।

৩৫. **রাষ্ট্রপতি পদত্যাগ করতে চাইলে কাকে উদ্দেশ্য করে পদত্যাগ পত্র লিখবেন?**
**উত্তর:** স্পিকারের উদ্দেশ্যে।

৩৬. **প্রধানমন্ত্রী, মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপ-মন্ত্রীদের নিয়োগ প্রদান করেন কে?**
**উত্তর:** রাষ্ট্রপতি।

৩৭. **এ্যার্টনি জেনারেল পদে নিয়োগ দান করেন কে?**
**উত্তর:** রাষ্ট্রপতি।

৩৮. **সংবিধানের প্রধান বৈশিষ্ট্য আছে কতটি?**
**উত্তর:** ১২টি।

৩৯. **বাংলাদেশের সর্বোচ্চ আদালত কোনটি?**
**উত্তর:** সুপ্রীম কোর্ট।

৪০. **সুপ্রীম কোর্টের কয়টি বিভাগ আছে?**
**উত্তর:** ২টি । আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগ।

৪১. **সুপ্রীম কোর্টের বিচারপতিদের মেয়াদকাল কত?**
**উত্তর:** ৬৭ বছর পর্যন্ত।

৪২. **বাংলাদেশের সংবিধানের প্রথম মূলনীতি কি ছিল?**
**উত্তর:** ধর্মনিরপেক্ষতা, জাতীয়তাবাদ, গণতন্ত্র ও সমাজতন্ত্র।

৪৩. **কোন আদেশবলে সংবিধানের মূলনীতি "ধর্মনিরপেক্ষতা" বাদ দেয়া হয়?**
**উত্তর:** ১৯৭৮ সনে ২য় ঘোষণাপত্র আদেশ নং ৪ এর ২ তফসিল বলে।

৪৪. **কোন আদেশবলে সংবিধানের শুরুতে "বিসমিল্লাহির রাহমানির রাহিম" সন্নিবেশিত হয়?**
**উত্তর:** ১৯৭৮ সনে ২য় ঘোষণাপত্র আদেশ নং ৪ এর ২ তফসিল বলে।

৪৫. **কোন আদেশবলে বাংলাদেশের নাগরিকগণ "বাংলাদেশী" বলে পরিচিত হন?**
**উত্তর:** ১৯৭৮ সনে ২য় ঘোষণাপত্র আদেশ নং ৪ এর ২ তফসিল বলে।

৪৬. **জাতীয় সংসদে ন্যায়পাল আইন কবে পাস হয়?**
**উত্তর:** ১৯৮০ সালে।



৪৭. **বাংলাদেশের সংবিধানের এ পর্যন্ত মোট কতটি সংশোধনী আনা হয়েছে?**
**উত্তর:** ১৭ টি।

